

কুতুবদিয়া উপজেলায় সমৃদ্ধি কর্মসূচির সেবাগ্রহীতাদের প্রদানকৃত সেবা সম্পর্কে মতামত ও পরামর্শ গ্রহণসভা অনাঠত :

বে-mi Kmi Dbqb সংস্থা কোস্ট ট্রাস্ট দ্বীপ উপজেলা কুতুবদিয়ার উত্তরধুরুং ইউনিয়নে পল্লীকর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)এর সহায়তায় সমৃদ্ধি কর্মসূচির সেবাগ্রহীতাদের প্রদানকৃত সেবা সম্পর্কে মতামত ও পরামর্শ গ্রহণকরা হয়।

ইউনিয়নের প্রদীপপাড়ায়। গত ১৯ অক্টোবর '২০২০ সকাল ১১.০০ ঘটিকায় স্বাস্থ্যবিধি মেনে ১৫ হতে ২০ জন নারী সদস্যের উপস্থিতিতে সেবাগ্রহীতাদের প্রদানকৃত সেবা সম্পর্কে মতামত ও পরামর্শ গ্রহণ করা হয়। সভায় অংশগ্রহণকারিগণ বলেন আমরা স্বাস্থ্য সচেতনতা ও স্বাস্থ্যকর জীবনযাপনে অভ্যস্ত হয়েছি, নিয়মিত ডায়াবেটিক পরীক্ষা ও প্রেশার চেকআপ করতে পারছি, এম বি বি এস চিকিৎসকদের মাধ্যমে বিনামূল্যে চিকিৎসা সেবা পাচ্ছি, সঠিক ভাবে ওজন পরিমাপ করতে পারছি, মুয়াক টেপ এর মাধ্যমে পুষ্টির স্তর নির্ণয় করতে পারছি, থার্মাল স্ক্রিনারের মাধ্যমে শরীরের তাপমাত্রা নির্ণয় করতে পারছি, অক্সিমিটারের মাধ্যমে অক্সিজেনের পরিমাণ জানতে পারছি। এখান থেকে গর্ভবতী মায়েরা আয়রন, ফলিক এসিড, প্রবীণরা ক্যালসিয়াম, ৬০ উদ্দোবয়সী প্রবীণ গণ বয়স্কভাতা পাচ্ছেন, অপুষ্টিকর শিশুরা পুষ্টি কনা, পরিবার ভিত্তিক কৃষিশাশক ট্যাবলেট সহ নিয়মিত পরামর্শ সেবা গ্রহণ করছি। কোস্ট ট্রাস্ট এখানে সহজশর্তে ঋণ প্রদান করছেন, ক্ষুদ্র থেকে মাঝারি উদ্যোক্তা দের আয়বর্ধনমূলক খাতে খাত ভিত্তিক প্রশিক্ষণ ও কৌশলগত পরামর্শ সহ বাড়ির আঙ্গিনায় সবজি চাষে উদ্বুদ্ধকরা হচ্ছে।



কুতুবদিয়া উপজেলায় সমৃদ্ধি কর্মসূচির সেবাগ্রহীতাদের প্রদানকৃত সেবা সম্পর্কে মতামত ও পরামর্শ গ্রহণ ছবি-রিফাত সোলতানা

সমৃদ্ধি কর্মসূচি পরিদর্শন করেছেন পিকেএস এফ এর কর্মকর্তা

কোস্ট ট্রাস্ট এর বাস্তবায়নে সমৃদ্ধি ও প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত দ্বীপ উপজেলা কুতুবদিয়ার উত্তর ধুরুং ইউনিয়নে গত ২৯ সেপ্টেম্বর হতে ২ অক্টোবর পর্যন্ত মাঠ কার্যক্রম পরিদর্শন করেন পরিদর্শন কালীন সময়ে তিনি সমৃদ্ধি বাড়ীতে, পারিবারিক টয়লেট, গাভী পালন কেচোসার উৎপাদন, বসতবাড়িতে বিষমুক্ত সবজি চাষ, কবুতর পালন, পুকুরের মাচ চাষ, ওষধী গাছ, স্বাস্থ্য সেবা কার্ড, বাড়ীর তোরন, পানি ও জলের ব্যবস্থা, নিকটস্থ শিক্ষা সহায়তা কেন্দ্রে উক্ত বাড়ীর শিশু শিক্ষার্থীগণ শিক্ষাগ্রহণ করেন কিনা। মাঠ পর্যায়ের স্বাস্থ্য পরিদর্শকের পরিদর্শন ফরমেট, গর্ভবতী মা দের তথ্য সম্বলীত রেজিস্টার, উঠানবোঠক রেজিস্টার, স্বাস্থ্য সেবা কার্ড বিক্রয়

রেজিস্টার, শিশু টিকা রেজিস্টার এর তথ্য তিনি পরিদর্শন সময়ে দেখেন এবং স্বাস্থ্য পরিদর্শকের সাথে কথা বলেন। এর পর তিনি সমৃদ্ধি কেন্দ্র কাম-সাইক্লোন সেন্টার, গভীর নলকূপ, সমৃদ্ধি কেন্দ্র কাম-সাইক্লোন সেন্টারের টয়লেট, বিশেষ সঞ্চয়, উদ্যোক্তা সদস্য পুনর্বাসন কার্যক্রম, শিক্ষা সহায়তা কেন্দ্র সহ বিভিন্ন সুবিধাভোগীদের সাথে কথা বলেন। এ সময় কোস্ট ট্রাস্ট এর বিভিন্ন সহকর্মীগণ তার সাথে ছিলেন।



কুতুবদিয়া উপজেলায় সমৃদ্ধি কর্মসূচি পরিদর্শনে পিকেএস এফ এর কর্মকর্তা ছবি-রিফাত সোলতানা

কোস্ট ট্রাস্ট এর সমৃদ্ধি কর্মসূচি পাল্টে দিয়েছে জাগির হোসেন এর জীবনযাত্রার মান :

কোস্ট ট্রাস্ট সমৃদ্ধি কর্মসূচি পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন(পিকেএস এফ) এর সহায়তায় ২০১৪ সালে জুনের দিকে কাজ শুরু করেন দ্বীপ উপজেলা কুতুবদিয়ার উত্তর ধুরুং ইউনিয়নে সমৃদ্ধি কর্মসূচির ১৭ টি উন্নয়নের চাকা রয়েছে। রয়েছে ইউনিয়নের প্রতিটি ব্যক্তিকে মানবমর্যাদায় প্রতিষ্ঠার লক্ষ্যে তারই ধারাবাহিকতায় কাজ শুরু, শুরু হলো প্রকৃত ভিক্ষুক জরিপ কার্যক্রম সমৃদ্ধি কর্মসূচির সহকর্মীগণ নিরলস ভাবে জরিপ কার্যক্রম পরিচালনা করে ১৪ জন প্রকৃত ভিক্ষুকের তালিকা ইউনিয়ন কমিটির সভায় উত্থাপনের পর ইউপি চেয়ারম্যান এটি অনুমোদন করেন। এর পর ২০১৫-২০১৬ অর্থ বছরে দুই লক্ষ টাকা বরাদ্দ হয় দুইজন প্রকৃত ভিক্ষুকের নামে তারই একজন সাদের ঘোনা গ্রামের জাগির হোসেন (৬৩) পরিবারের সদস্য সংখ্যা ৭ জন তার মধ্যে ছেলে ৩ জন মেয়ে ২ জন বাকি ২ জন নিজেরা। জীবনযুদ্ধে নাপেরে হাতে নেন ভিক্ষার ঝুলি কিন্তু সমৃদ্ধি কর্মসূচি পরিকল্পনা করেন তার জীবন পরিবর্তনের সেই অনুযায়ী ৫০,০০০ টাকায় গাভী ও ৫০,০০০ টাকায় মুদি দোকান দেওয়া হয়। ধিরে ধিরে গাভী বড় হতে থাকে অন্যদিকে মুদি দোকান ও চলছে সংসার গিয়ে দুঃখ কমছে মাথার উপর থেকে বর্তমানে গাভীর ২ টি বাচ্চা রয়েছে সপ্তাহ খানেক পূর্বে স্থানীয় বাজারে ১ টি বকনা বাছুর ৩৫,০০০/-টাকা বিক্রি করে নাতিনের বিয়ে দেন। এখন ও রয়েছে মাগরফটি সহ ১ টি বকনা বাছুর।



সমৃদ্ধি কর্মসূচির পক্ষ থেকে উদ্যোমী সদস্য জাকের হোসেনের কর্তমান গাড়ীর চিত্র ছবি- মো:ফরিদ উদ্দিন

মা সমাবেশের এর ফলে ছেলেমেয়েদের লেখাপড়ার প্রতি আগ্রহ সৃষ্টি

উত্তরধুরুং ইউনিয়নে কোস্ট ট্রাস্ট সমৃদ্ধি কর্মসূচির রয়েছে ৪৫ টি শিক্ষা সহায়তা কেন্দ্র এমন এ একটি শিক্ষা সহায়তা কেন্দ্রের নাম সাদের ঘোনা শিক্ষা সহায়তা কেন্দ্রে মা সমাবেশের ফলে শিক্ষাসহায়তাকেন্দ্রেরশিক্ষার্থীদের দৃশ্যমান কিছু পরিবর্তন লক্ষ করা যাচ্ছে যেমন শিক্ষার্থীরা লেখাপড়ায় মনোযোগী হওয়া ,শিক্ষাকেন্দ্রের ছাত্র ছাত্রীর উপস্থিতি শতভাগঅর্জন ,গিয়মিত পাঠদান ও বাড়ির কাজ আদায় করা ,পরিষ্কার পরিচ্ছন্নতার প্রতি সচেতনতা বৃদ্ধি ,স্বাস্থ্য সুরক্ষার প্রতি ও সচেতনতাবোধ জাগ্রতহয়েছে।উক্ত মা সমাবেশের ফলে শিক্ষা সহায়তা কেন্দ্রের সভাপতি মমতাজ বেগম বলেন এ ধরনের মা সমাবেশের ফলে আমরা নিজেদের সচেতনকরার সুযোগ পেয়েছি।



সাদের ঘোনা গ্রামের চলমান মা সমাবেশের তোলা ছবি ছবিতুলেছেনঃমোঃরশিদ

এক নজরে অক্টোবর '২০২০ মাসের অর্জন সমূহ

| ক্রম নং | কাজের নাম | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---------|---|--------------|-------|
| ১ | খানা পরিদর্শন | ৫৪৫২ | ৪৯৪৭ |
| ২ | শিক্ষা সহায়তা কেন্দ্রে মা সমাবেশ | ৩৯ | ৩৫ |
| ৩ | স্যাটেলাইট ক্লিনিক | - | - |
| ৪ | স্যাটেলাইটক্লিনিকেরমাধ্যমেস্বাস্থ্য সেবাগ্রহনকারীর সংখ্যা | - | - |
| ৫ | স্ট্যাটিক ক্লিনিক | ৩২ | ৪০ |
| ৬ | স্ট্যাটিক ক্লিনিকে স্বাস্থ্য সেবাগ্রহনকারীর সংখ্যা | ২৮০ | ১৯০ |
| ৭ | স্বাস্থ্য সচেতনতা মূলক সভা (উঠান বৈঠক) | ৪০ | ৪০ |
| ৮ | স্বাস্থ্য সেবা কার্ড | ২৭২ | ১৪৯ |

| | | | |
|----|---|------------|-------------|
| ৯ | ডায়াবেটিক পরিক্ষা | ৫৫ | ৫৩ |
| ১০ | ওয়ার্ড উন্নয়ন সমন্বয় সভা | - | - |
| ১১ | যুব উন্নয়ন সমন্বয় সভা | - | - |
| ১২ | কৃমিনাশক ট্যাবলেট | - | - |
| ১৪ | আয়রণ ও ফলিক এসিড | ২০০০ | ১৭৩০ |
| ১৫ | ক্যালসিয়াম | - | - |
| ১৬ | মুতের সংকার | ৫ জন | ২জন |
| ১৭ | ওয়ার্ডসমন্বয়সভা(প্রবীণজনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি) | - | - |
| ১৮ | ইউনিয়ন সমন্বয় সভা(প্রবীণ) | - | - |
| ১৯ | পুষ্টিকনা বিতরণ করা হয়েছে | ৬০০প্যাকেট | ৫৫০ প্যাকেট |
| ২০ | গাড়ীর নলকুপ স্থাপন | - | - |
| ২১ | আইজিএ প্রশিক্ষণ | - | - |
| ২২ | ইউনিয়ন ভিত্তিক বার্ষিক ক্রিয়া প্রতিযোগিতা | - | - |
| ২৩ | বয়স্ক ভাতা বিতরণ | ৯০ জন | ৯০ জন |
| ২৪ | বিশেষ চক্ষু ক্যাম্প (ছানি অপারেশন) | - | - |
| ২৫ | স্যাটেলাইট ক্লিনিক(প্রবীণ) হতে সেবা গ্রহন | ২৫ | |
| ২৬ | ইউনিয়ন যুব সমন্বয় সভা | ১ | - |
| ২৭ | ইউনিয়ন সমন্বয় সভা | ১ | - |
| ২৮ | আয়বর্ধনমূলকখাতে ঋণ বিতরণ | | ২৫৩৫০০০ |
| ২৯ | জীবনযাত্রার মান উন্নয়ন ঋণ বিতরণ | | ১০০০০ |
| ৩০ | সম্পদসৃষ্টি ঋণ বিতরণ | | ৪৪৫০০০ |
| ৩১ | সমৃদ্ধিবাড়ী | ৫০ | ৫০ |
| ৩২ | বিশেষ সঞ্চয় | ৫ | ৪ |
| ৩৩ | কেচোসার উৎপাদন প্লান্ট | ৫০ | ৫০ |
| ৩৪ | উদ্যোমী সদস্য | ৮ | ৮ |

প্রকাশনা তৈরিতে যারা তথ্য দিয়ে সহায়তা করেছেন সমৃদ্ধি কর্মসূচি ও ধুরুং শাখার সকল সহকর্মী গন তথ্য দিয়ে সহযোগিতার জন্য আপনাদের ধন্যবাদ আরো তথ্য প্রদানে আপনাদের উৎসাহিত করা হচ্ছে আমাদের সাথে যোগাযোগ করুন সমৃদ্ধি টিমের পক্ষে।

মো: ফজলুল হক

কর্মসূচি সমন্বয়কারী

মোবাইল- ০১৭১৩-৩৬৭৪৪৪

কর্মসূচি বাস্তবায়ন কার্যালয়- ১নং উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ ,তয় তলা , কুতুবদিয়া, কক্সবাজার।

fazlu@coastbd.net, web- www.coastbd.net

COAST Has Special Consultative Status With UN ECOSOC